

🏠 / জাতীয়

প্রকাশ: ১৩ জুন, ২০২৩ ১৮:০৯

বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক

সরকারি দায়িত্ব পালনে আপাদমস্তক শুদ্ধাচারী হতে হবে

📄 অনলাইন ডেস্ক



অ +

অ -



জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী। ফাইল ছবি

সরকারি দায়িত্ব পালনে নিষ্ঠা এবং সরকারি যানবাহন ও সম্পদ ব্যবহারে কঠোর সততা বজায় রেখে নিজেকে আপাদমস্তক শুদ্ধাচারী হওয়ার আহ্বান জানিয়েছেন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী।

আজ মঙ্গলবার বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মকর্তাদের জন্য আয়োজিত ‘মূল্যবোধ ও শুদ্ধাচার’ শীর্ষক অধিবেশনে তিনি এসব কথা বলেন। এর আগে গতকাল সোমবার একই বিষয়ে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর) কর্মকর্তাদের জন্য আয়োজিত অধিবেশনে বক্তব্য দেন মুনির চৌধুরী।

মুনির চৌধুরী বলেন, শুধু সকাল ৯টা থেকে বিকেল ৫টা চাকরির জন্য সরকারি দপ্তর নয়।

প্রতিদিনের কাজ প্রতিদিন সম্পন্ন করতে হবে, সরকারি কেনাকাটায় কোনোভাবেই অপচয় ও আত্মসাতের ঘটনা যেন না ঘটে, সে সম্পর্কে নিজেকে কঠোরভাবে সৎ থাকতে হবে। একবার ঘুষ বা দুর্নীতির প্রলোভনে পড়ে গেলে আর সুপথে ফেরা যায় না, লোভ-লালসার দুর্নিবার আকর্ষণে অতল গহুরে মানুষ তলিয়ে যায়। লোভের জীবন সরকারি কর্মকর্তাদের ধ্বংসের পথ প্রশস্ত করে। অতঃপর মৃত্যুর পরে অনিবার্যভাবে মহান স্রষ্টা আল্লাহর আদালতে অবশ্যই শাস্তি পেতে হবে, এটি অবধারিত সত্য।

সৎ উপার্জনে যে মানসিক প্রশান্তি, তা অতুলনীয়।

বিজ্ঞান জাদুঘরের মহাপরিচালক বলেন, যেকোনো দুর্নীতির ঘটনা দেখামাত্র সাহসিকতা নিয়ে প্রতিরোধ করতে হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হবে। এছাড়া সরকারি যানবাহন ব্যক্তিগত কাজে ব্যবহার করলে তার বিপরীতে জ্বালানি তেলের মূল্য সরকারি কোষাগারে জমা দিতে হবে। নিজে শুদ্ধাচারী না হয়ে অন্যকে শুদ্ধাচারী হওয়ার আহ্বান জানানো সবচেয়ে বড় প্রত্যয়।

নিজে শুদ্ধাচারী হলে সর্বস্তরে নৈতিক কর্তৃত্ব আপনা-আপনিই প্রতিষ্ঠিত হয়ে যাবে। আমৃত্যু সৎ থাকতে হবে এবং সৎ জীবনের সার্টিফিকেট নিয়ে আল্লাহর কাছে উপস্থিত হওয়াই মানব জীবনের সার্থকতা।

অনুষ্ঠানে সংশ্লিষ্ট দপ্তরের চেয়ারম্যান ও উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

যুগান্তর

‘সরকারি সম্পদ ব্যবহারে সততা চাই’

👤 যুগান্তর প্রতিবেদন

🕒 ১৩ জুন ২০২৩, ২২:১১:৪২ | [অনলাইন সংস্করণ](#)



সরকারি দায়িত্ব পালনে নিষ্ঠা এবং সরকারি যানবাহন ও সম্পদ ব্যবহারে কঠোর সততা বজায় রেখে নিজেকে আপদমস্তক শুদ্ধাচারী হতে হবে।

মঙ্গলবার রাজধানীতে বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মকর্তাদের জন্য আয়োজিত ‘মূল্যবোধ ও শুদ্ধাচার’ শীর্ষক আলোচনায় অংশ নিয়ে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক (ডিজি) মোহাম্মাদ মুনির চৌধুরী এই আহ্বান জানান।

তিনি বলেন, শুধু নয়টা-পাঁচটা চাকুরির জন্য সরকারি দপ্তর নয়। প্রতিদিনের কাজ প্রতিদিন সম্পন্ন করতে হবে। কেনাকাটায় কোনভাবেই অপচয় ও আত্মসাতের ঘটনা যেন না ঘটে সে সম্পর্কে নিজেকে কঠোরভাবে সৎ হতে হবে। একবার ঘুস বা দুর্নীতির প্রলোভনে পড়ে গেলে আর সুপথে ফেরা যায় না, লোভ-লালসার দুর্নিবার আকর্ষণে অতল গহুরে মানুষ তলিয়ে যায়। লোভের জীবন সরকারি কর্মকর্তাদের ধ্বংসের পথ প্রশস্ত করে। অতঃপর মৃত্যুর পর অনিবার্যভাবে মহান স্রষ্টা আল্লাহর আদালতে অবশ্যই শাস্তি পেতে হবে, এটা অবধারিত।

তিনি বলেন, সৎ উপার্জনে যে মানসিক প্রশান্তি, তা অতুলনীয়। যে কোন দুর্নীতির ঘটনা দেখামাত্র সাহিসকতা নিয়ে প্রতিরোধ করতে হবে এবং উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানাতে হবে। এছাড়া সরকারি যানবাহন ব্যক্তিগত কাজে ব্যবহার করলে তার বিপরীতে জ্বালানি তেলের মূল্য সরকারি কোষাগারে জমা দিতে হবে। নিজে শুদ্ধাচারী না হয়ে অন্যকে শুদ্ধাচারী হওয়ার আহ্বান জানানো সবচেয়ে বড় প্রতারণা। নিজে শুদ্ধাচারী হলে সর্বস্তরে নৈতিক কর্তৃত্ব আপনি আপনি প্রতিষ্ঠিত হবে। আমৃত্যু সৎ থাকতে হবে। সৎ জীবনের সার্টিফিকেট নিয়ে আলহর কাছে উপস্থিত হওয়াই মানবজীবনের সার্থকতা।

অনুষ্ঠানে সংশ্লিষ্ট দপ্তরের চেয়ারম্যান ও উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023